কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেটে সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

ডাউনলোড
"এই যুগ
অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন "এই যুগ অ্যাপ"

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 3 JULY 2026 ,FRIDAY | ৩ জুলাই ২০২৬ ,শুক্রবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-211

## আসন্ন ডুরান্ড কাপের প্রস্তুতি পরিদর্শনে ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ



**এই যুগ ,কলকাতা ,২ জুলাই :** আসন্ন ডুরান্ড কাপের প্রস্তুতি খতিয়ে দেখতে বৃহস্পতিবার কলকাতার বিবেকানন্দ যুব ভারতী ক্রীড়াঙ্গন পরিদর্শন করলেন রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ । এদিন মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ নিজে স্টেডিয়াম ও মাঠের অবস্থা ঘুরে দেখেন। সূত্রের খবর , ১৩৫ তম ডুরান্ড কাপ শুরু হবে ২৫শে জুলাই থেকে , ২৩শে আগস্ট পর্যন্ত চলবে ।এবারের ডুরান্ড কাপ টুর্নামেন্টে সাতটি নবাগত ও আন্তর্জাতিক দলসহ মোট ২৪টি দল অংশগ্রহণ করবে । কলকাতা, রাঁচি, গুয়াহাটি, শিলং এবং ইম্ফল এই ৫ টি শহরে খেলা হবে। ডুরান্ড কাপ এর উদ্বোধন ও ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে কলকাতার বিবেকানন্দ যুব ভারতী ক্রীড়াঙ্গনে । যাতে ডুরান্ড কাপ টুর্নামেন্টে কোনো রকম সমস্যা না হয় সেই জন্য এদিন নিজে ডুরান্ড কাপের প্রস্তুতি দেখতে বিবেকানন্দ যুব ভারতী ক্রীড়াঙ্গনে উপস্থিত ছিলেন রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ।

## আলিপুরদুয়ারে ১২৫ দিনের কাজের শুভ সূচনা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ জুলাই :** আলিপুরদুয়ার দুই নম্বর ব্লকে মাঝের ডাবরি চা বাগানে এক অনুষ্ঠানের মাধ্যমে শুরু হল বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার আজিবিকা মিশন গ্রামীন এর কাজ । এই প্রকল্পের উদ্দেশ্য গ্রামীণ পরিবার গুলিকে আর্থিক দিক থেকে উন্নত করা। ১২৫ দিনের কাজের মাধ্যমে গ্রামীণ পরিবারগুলি পাবে আয় বৃদ্ধির সুযোগ। পাশাপাশি এই প্রকল্পে চারটি বিষয়ের উপর গুরুত্ব দেওয়া হয়েছে বলে জানিয়েছেন আলিপুরদুয়ারের জেলা শাসক ময়ূরী বাসু। এদিন আনুষ্ঠানিকভাবে এই প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ারের জেলা শাসক ময়ূরী বাসু ,সাংসদ মনোজ টিপ্পা সহ আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের বিডিও সহ অন্যান্য আধিকারিকরা। প্রকল্পটি সম্পর্কে মানুষজনকে বোঝান জেলাশাসক ময়ূরী বাসু। এদিন কোদাল চালিয়ে ১২৫ দিনের কাজের সূচনা করেন সাংসদ মনোজ টিপ্পা।

## শক্তিশালী বিরোধী দল প্রসঙ্গে প্রশ্ন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পালের



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২ জুলাই :** বৃহস্পতিবার নবান্নে মন্ত্রী সভার বৈঠকের পর রাজ্যের বিরোধী দল প্রসঙ্গে প্রশ্ন করলেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল । এদিন মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন , আমরা বিন্দুমাত্র চিন্তিত নই ঋতব্রতর তৃণমূল থাকবে নাকি মমতা বন্দ্যোপাধ্যায়ের তৃণমূল দল থাকবে।আমরা চিন্তা করছি একটি শক্তিশালী বিরোধী দল নিয়ে। ঋতব্রত ও মমতার লড়াইটা বেশ মজার। তাদের অধিকার আছে লড়াই করবার। আমরা বিভ্রান্ত এই ভেবে যে পশ্চিমবঙ্গ বিধানসভাতে বিজেপির কোনও শক্তিশালী বিরোধী পক্ষ নেই। তৃণমূল দলটা ভবিষ্যতে থাকবে কিনা সেটাই এখন চিন্তার বিষয়। আমরা ভীষণরকম বিভ্রান্ত এই ভেবে যে কোন দল টি আসল তৃণমূল বা তৃণমূল বি বা তৃণমূল সি।

## শিল বাংলা বিটে পূর্ণবয়স্ক হাতির মৃত্যু ঘিরে রহস্য



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ জুলাই :** হাতির মৃত্যুকে ঘিরে রহস্য তৈরি হয়েছে। আটক করা হয়েছে দুজনকে প্রাথমিকভাবে অনুমান ফেন্সিং লাইনে কারেন্ট লাগিয়ে রেখেছিলেন । এর ফলেই হাতির মৃত্যু হয়েছে। আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের বারবিশা রেঞ্জের শিলবাংলা বিটের অন্তর্গত লেপ্রাগুড়ি বনবস্তিতে রহস্যজনকভাবে একটি পূর্ণবয়স্ক বন্য হাতির মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার সকালে স্থানীয় বাসিন্দারা হাতিটির মৃতদেহ দেখতে পেয়ে বনদপ্তরকে খবর দেন।খবর পেয়ে বনদপ্তরের আধিকারিক ও কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহটি ঘিরে তদন্ত শুরু করেন। কী কারণে হাতিটির মৃত্যু হয়েছে, তা এখনও স্পষ্ট নয়। ময়নাতদন্তের রিপোর্ট হাতে পাওয়ার পরই মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। বনদপ্তরের পক্ষ থেকে এলাকাবাসীকে গুজব না ছড়িয়ে তদন্ত শেষ হওয়া পর্যন্ত অপেক্ষা করার আবেদন জানানো হয়েছে।

# আলিপুরদুয়ার থানায় হেল্পডেস্ক এর উদ্বোধন করলেন পুলিশ সুপার




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ জুলাই :** আলিপুরদুয়ার থানায় পুলিশ সুপারের উপস্থিতিতে ওমেন হেল্পডেস্ক খোলা হয়েছে । পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নির্দেশে প্রত্যেকটি থানাতেই এই ওমেন হেল্পডেস্ক  খোলা হয়েছে। তাছাড়া একই সাথে সাইবার হেল্পডেস্ক  খোলা হয়েছে। সাধারণ মানুষ প্রতারিত হলে সাইবার হেল্পডেস্ক অভিযোগ আসার পরেই দ্রুত সহযোগিতা করে সাধারণ মানুষের পাশে থাকাই মূল লক্ষ্য। রাজ্য সরকারের নির্দেশে এখন থেকে আরও চট চলতে কাজ হবে ওমেন হেল্পডেস্ক এবং সাইবার হেল্পডেস্ক ।

# ৩ বছর ধরে বেহাল আলিপুরদুয়ার বাবুপাড়ার রাস্তা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ জুলাই :** আলিপুরদুয়ার চৌপথী থেকে বাবুপাড়া রেল গুমটি পর্যন্ত প্রায় ১ কিলোমিটার দীর্ঘ রাস্তাটি গত তিন বছর ধরে চলাচলের অযোগ্য হয়ে পড়ে আছে। গুরুত্বপূর্ণ এই রাস্তায় জেলা হাসপাতাল, জেলা পরিষদ, সিএমএইচ অফিস এবং দুটি হাই স্কুল থাকা সত্ত্বেও প্রশাসনের চরম উদাসীনতায় রাস্তাটি আজ মরণফাঁদে পরিণত হয়েছে। স্থানীয় বাসিন্দা বিশ্বজিৎ মজুমদারের অভিযোগ, গর্তে ভরা এই রাস্তায় প্রতিনিয়ত টোটো উল্টে দুর্ঘটনা ঘটছে এবং পথচারীরা ঝুঁকি নিয়ে যাতায়াত করতে বাধ্য হচ্ছেন। টোটো চালকরাও এই রুটে আসতে অনীহা প্রকাশ করছেন, যার ফলে চরম ভোগান্তিতে পড়ছেন সাধারণ মানুষ এবং ছাত্র-ছাত্রীরা।দীর্ঘদিন ধরে স্থানীয় প্রতিনিধি এবং সংবাদ মাধ্যমের কাছে অভিযোগ জানানো সত্ত্বেও কাজের কাজ কিছুই হয়নি। এমনকি বিধায়কের যাতায়াতের পথ হওয়া সত্ত্বেও রাস্তাটির বেহাল দশা দীর্ঘ তিন বছর ধরে অপরিবর্তিত। এলাকাবাসীদের আক্ষেপ, শহরের অন্যান্য রাস্তা মেরামত হলেও এই জনবহুল রাস্তাটি কেন ব্রাত্য থেকে গেল তা বোধগম্য নয়। অবিলম্বে প্রশাসন ও নবনির্বাচিত বিধায়ককে জরুরি ভিত্তিতে এই ৬০০ মিটার থেকে ১ কিলোমিটার দীর্ঘ রাস্তাটি মেরামতের দাবি  জানিয়েছেন ভুক্তভোগী এলাকাবাসী, যাতে ভবিষ্যতে বড় কোনো প্রাণঘাতী দুর্ঘটনা ঘটার আগেই যাতায়াতের পরিস্থিতি স্বাভাবিক হয়।

# জয়দেবপুরে ঘাটের ইজারা নিয়ে বিশৃঙ্খলা অবস্থা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ জুলাই :** কুমারগ্রাম ব্লকের জয়দেবপুর ঘাটের ইজারা ও নৌকা চলাচল নিয়ে স্থানীয় বাসিন্দাদের মধ্যে তীব্র অসন্তোষ দেখা দিয়েছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, সরকারি নিয়ম নীতি তোয়াক্কা না করেই ঘাটের দখল নেওয়ার চেষ্টা চলছে, যা নিয়ে ওই এলাকায় উত্তেজনার সৃষ্টি হয়েছে। এলাকার বাসিন্দা মিহির দাস জানান, জয়দেবপুর ঘাট নিয়ে বর্তমানে একটি বড় সমস্যা তৈরি হয়েছে। , একটি সরকারি ঘাটে একাধিক মাঝি বা নৌকা চলাচল করলে বিশৃঙ্খলা সৃষ্টি হয়। তিনি আরো বলেন যে, ওপেন টেন্ডারের মাধ্যমেই ঘাটের ইজারা দেওয়া উচিত। নিয়মবহির্ভূতভাবে কেউ যদি ঘাট দখল করতে চায়, তবে তা আইনবিরুদ্ধ। যারা টেন্ডারের মাধ্যমে ঘাট পেয়েছেন, তাদেরই কাজ চালিয়ে যাওয়ার অধিকার থাকা উচিত। অন্যদিকে, স্থানীয় মহিলারা এই পরিবর্তনের তীব্র বিরোধিতা করেছেন। অঞ্জলা টপ্পো ওরাওঁ নামে এক বাসিন্দা জানান "আমরা পুরনো ঘাটোয়াল মিঠুন কাকুকেই চাই। আমাদের বাচ্চাদের শরীর খারাপ হলে বা গভীর রাতে কোনো ডেলিভারি পেশেন্টকে পারাপার করার প্রয়োজন হলে, ফোন করলেই তারা পরিষেবা দিতেন। এই নতুন নৌকা আমরা চাই না।" তিনি আরও জানান যে, এলাকার মানুষ দীর্ঘকাল ধরে ওই পুরনো ঘাটোয়ালদের ওপর নির্ভরশীল। বিশেষ করে প্রতিবন্ধী শিশু বা অসুস্থদের জরুরি প্রয়োজনে তারা সব সময় পাশে দাঁড়িয়েছেন। স্থানীয়দের আশঙ্কা, নতুন কেউ ঘাট পরিচালনার দায়িত্বে এলে এই নিরবচ্ছিন্ন ও মানবিক পরিষেবা ব্যাহত হতে পারে। তাদের দাবি, মিঠুন, শঙ্কর ও অমিতের মতো যারা দীর্ঘদিন ধরে এই পরিষেবা দিয়ে আসছেন, তাদের মাধ্যমেই যেন ঘাট পরিচালিত হয়। ঘাটের দখল ও নতুন নৌকা নামানোকে কেন্দ্র করে এলাকায় যে সংশয় তৈরি হয়েছে, তা নিরসনে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করছেন গ্রামবাসী।



# তৃণমূল নেতার ভাড়া দেওয়া গোডাউন থেকে উদ্ধার প্রচুর পরিমাণ রেশনের চাল আটা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২ জুলাই :** তৃণমূল নেতার ভাড়া দেওয়া গোডাউন থেকে উদ্ধার রেশনের চাল ও আটা।এই অবৈধ ব্যাবসার সঙ্গে যুক্ত এক ব্যাক্তিকে গ্রেফতার করেছে আলিপুরদুয়ার থানার পুলিশ।চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ার ১ নম্বর ব্লকের তপসিখাতা আড়াইমাইল এলাকায়।বৃহস্পতিবার খবর পেয়ে পুলিশ ওই গোডাউনে অভিযান চালায়।গোডাউন থেকে উদ্ধার হয়েছে ১৭০ বস্তা চাল ও ৫০ প্যাকেট আটা।এগুলি রেশনে সরবরাহ করা হত।স্থানীয় বাসিন্দা রনজিৎ সরকার,নিমা সূত্রধর বলেন,দীর্ঘদিন ধরে এখানে এই ব্যাবসা চলছিল।রেশনে সাধারন গরীব মানুষ আটা ও চাল পাচ্ছেন না সেখানে চোরাপথে চাল ও আটা এই গোডাউনে চলে আসতো।তারপর এগুলি বেশি দামে বিক্রি করা হত।স্থানীয় বিজেপির বুথ সভাপতি সুভাষ বর্মন বলেন,যার এই গোডাউন টি।তিনি পররপার গ্রাম পঞ্চায়েতের প্রধানের স্বামী।তৃণমূল ক্ষমতায় থেকে অনেক অবৈধ কাজ করেছে।যেখানে রেশনের চাল আটা সাধারন মানুষের পাওয়া দরকার।সে গুলি চোরাপথে পাচার হচ্ছে।এই গোডাউনে চাল ও আটা কোন এলাকা থেকে আনা হয়েছে তা বের করা দরকার।এই ঘটনায় যারা জড়িত তাদের শাস্তি চাই।এদিন এই ঘটনার সঙ্গে যুক্ত সন্দীপ সিং নামের এক ব্যাক্তিকে পুলিশ গ্রেফতার করেছে।ধৃতকে জিজ্ঞাসাবাদ করে উদ্ধার হওয়া আটা ও চালের উৎস খোঁজার চেষ্টা করছে পুলিশ।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |